

কৃষিতত্ত্ব বিভাগ, বিটিআরআই

ভিশন

তুলনামূলক কম খরচে উন্নত কৃষিতাত্ত্বিক কৌশল ব্যবহারের মাধ্যমে বাংলাদেশের চা এর উৎপাদন বৃদ্ধি করা।

মিশন

গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে ফলন সর্বোচ্চ কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নিতকরণ করতে নতুন নতুন কৃষিতাত্ত্বিক প্রযুক্তি উদ্ভাবন এবং প্রচলিত কৃষিতাত্ত্বিক পদ্ধতির উন্নতীকরণ।

কার্যাবলী

কৃষিতত্ত্ব হল মাঠ ফসল উৎপাদনের কলাকৌশল উদ্ভাবন ও প্রয়োগের মাধ্যমে খামার ও উৎপাদন ব্যবস্থাপনা।

বিটিআরআই-এর কৃষিতত্ত্ব বিভাগের মূল কার্যক্রমগুলি নিম্নরূপ-


- I. কৃষিতাত্ত্বিক গবেষণা কার্যক্রম তথা মাঠ পরীক্ষণের মাধ্যমে প্রচলিত পরিচার্যিক পদ্ধতি যেমন, চা চারা রোপন, প্রুণিং, টিপিং, প্লাকিং, ছায়া গাছ ব্যবস্থাপনা, খরা ব্যবস্থাপনা, গ্রাফটিং এবং আবাদীর পুণর্বাসন ইত্যাদি উন্নততরকরণ।
- II. চা বাগানে চা উৎপাদন সংশ্লিষ্ট কোন সমস্যা দেখা দিলে সে সমস্যা সমাধানে সরেজমিন পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় উপদেশ প্রদান।
- III. চা উৎপাদন সংশ্লিষ্ট উদ্ভাবিত নতুন প্রযুক্তি জনপ্রিয়করণের জন্য অঞ্চল ভিত্তিক প্রদর্শনী পুট স্থাপন।
- IV. চা চাষ সংশ্লিষ্ট বিজ্ঞানসম্মত সর্বশেষ ধারণাগুলো ওয়ার্কশপ, সেমিনার এবং বার্ষিক কোর্স আয়োজনের মাধ্যমে বিস্তারের ব্যবস্থা করা।
- V. বিটিআরআই খামারের সামগ্রিক তত্ত্বাবধানসহ মাঠে অন্যান্য ডিভিশনের পরীক্ষণের কাজে প্রয়োজনীয় শ্রমিক দিয়ে সাহায্য ও সহযোগিতাকরণ।

চলমান গবেষণা কার্যক্রম

০১. বিভিন্ন ক্লোন চা'র ফলনে বিভিন্ন প্রুণিং সাইকেল কিরূপ প্রভাব ফেলে তা'র উপর পরীক্ষণ।
০২. চা চারা রোপন কালে গর্তে প্রয়োগকৃত বিভিন্ন মাত্রার জৈব ও রাসায়নিক সার চা গাছের বৃদ্ধি ও বিকাশে প্রভাব।
০৩. বছরের বিভিন্ন সময় প্রুণিং করলে তা চা উৎপাদনে তথা মাসিক ফসল বন্টনে কিরূপ ফলাফল বয়ে আনে।
০৪. চা গাছের পাতায় হরমোন স্প্রে করে চা'র বৃদ্ধি ও ফলনে কিরূপ প্রভাব ফেলে তা নির্ধারণ।
০৫. বাংলাদেশের বর্তমান চা আবাদীতে যান্ত্রিক পাতা চয়ন পদ্ধতির প্রভাব।
০৬. চট্টগ্রাম ভ্যালীতে চা আবাদীতে হরমোন প্রয়োগের প্রভাব।
০৭. চা গাছে লাইট প্রুণিং করার পরবর্তি বছর কোন প্রুণিং পদ্ধতি ভাল ফলন দেয় তা নির্ধারণ।
০৮. বিটিআরআই-এর উদ্ভাবিত বিভিন্ন প্রকার ক্লোনের ফলন ও ফলন নিয়ন্ত্রণকারী নিয়ামকসমূহের তুলনা।

কৃষিতত্ত্ব বিভাগের অর্জনসমূহ

- > চা গাছের স্বাস্থ্য সংরক্ষণ করে দীর্ঘ মেয়াদী ফসল আহরনের জন্য চার (৪) বছর ব্যাপী প্রুণিং সাইকেল নির্ধারণ করা হয়েছে।
- > গাছের স্বাস্থ্য ঠিক রেখে কাঙ্ক্ষিত মাত্রায় ফসল আহরন পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে।
- > চারা রোপন পদ্ধতি, প্রতি হেক্টরে উপযুক্ত চা চারার সংখ্যা, রোপন পূর্ব ও পরবর্তী চা চারার পরিচর্যার মান উন্নয়ন করণ।
- > দ্রুততম সময়ের মধ্যে উপযুক্ত গ্রাফটিং পদ্ধতিতে সাধারণ মাতৃ বৃক্ষকে উন্নত মাতৃবৃক্ষে পরিবর্তন পদ্ধতি উদ্ভাবন।



ভবিষ্যৎ পরিকল্পনা

- ◈ পরিবর্তিত বিশ্ব জলবায়ুর কারণে উদ্ভূত খরার প্রকোপ থেকে চা আবাদ রক্ষার জন্য দীর্ঘ ও স্বল্প মেয়াদী লাকসই প্রযুক্তি উদ্ভাবন। ◈ ক্রমবর্ধমান শ্রমিক চাহিদা মোকাবেলায় চা আবাদীতে বিভিন্ন যান্ত্রিক কলাকৌশলের ব্যবহার।

কৃষিতত্ত্ব বিভাগের জনবল

ক. রিসার্চ পার্সোনেল	অনুমোদিত পোস্ট	কর্মরত পদের সংখ্যা	শূন্য পদের সংখ্যা
১। প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও)	১	১	-
২। উর্ডতন বৈজ্ঞানিক কর্মকর্তা (এসএসও)	২	১	১
৩। বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও)	২	১	১
খ. সাপোর্ট সার্ভিস			
১। ফার্ম সুপারভাইজার (এফ এস)	১	১	-
২। উর্ডতন মাঠ সহকারী (এসএফএ)	১	-	১
৩। মাঠ সহকারী (এফ এ)	১	-	১
৪। গবেষণাগার সহায়ক (এল এইচ)	১	১	-
৫। অফিস সহায়ক (এমএলএসএস)	১	১	-

(ড. তৌফিক আহম্মদ)
প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও
বিভাগীয় প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ।